

নির্বাচন কমিশন
ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি
দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।

২৫ তম বার্ষিক সাধারণ সভা ও এলাকা পরিচালক নির্বাচন বিজ্ঞপ্তি


ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর সম্মানিত সকল গ্রাহক-সদস্যগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র পরিস এর পরিচালনা বোর্ড কর্তৃক আগামী ২৫/০১/২০২৫ খ্রিঃ রোজ শনিবার ২৫ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত (নং- ০১/৩৪৫/২০২৪) গৃহীত হইবার প্রেক্ষিতে নিম্নবর্ণিত সময় সূচী অনুযায়ী এলাকা পরিচালক নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণ করা হবেঃ

০১। এলাকা পরিচালক পদে নির্বাচন সূচীঃ

| এলাকা নং | আওতাভুক্ত ইউনিয়ন / পৌরসভা/ উপজেলা | পরিচালকের মেয়াদকাল | ভোট কেন্দ্র | ভোট প্রহণের তারিখ ও বার | ভোট প্রহণের সময় |
|-------------|---|--|---|----------------------------------|--|
| ০১ | নবীনগর উপজেলার গৌরসভাসহ সকল ইউনিয়ন | এক (এক) বৎসর বা নির্বাচনী ফলাফল ঘোষণার পরবর্তী বার্ষিক সাধারণ সভা পর্যন্ত যাহা আগে ঘটিবে | নবীনগর ইছামতী পাইলট উচ্চ বালিকা বিদ্যালয় নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া। | ০৫/০১/২০২৫ খ্রিঃ রোজ রবিবার | সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত |
| ০৪ | সদর উপজেলার মজলিশপুর, সুহিলপুর, বুধল, তালশহর পূর্ব, রামরাইল, মাছিহাটা, সুলতানপুর এবং বাসুদেব ইউনিয়ন | ০৩ (তিনি) বৎসর বা নির্বাচনী ফলাফল ঘোষণার পরবর্তী তৃতীয় বার্ষিক সাধারণ সভা পর্যন্ত যাহা আগে ঘটিবে | ঘাটুরা উচ্চ বিদ্যালয়, গোতমপাড়া, সদর ব্রাহ্মণবাড়িয়া | ০৭/০১/২০২৫ খ্রিঃ রোজ মঙ্গলবার | সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত |
| ০৫ | বিজয়নগর উপজেলার সকল ইউনিয়ন | ০৩ (তিনি) বৎসর বা নির্বাচনী ফলাফল ঘোষণার পরবর্তী তৃতীয় বার্ষিক সাধারণ সভা পর্যন্ত যাহা আগে ঘটিবে | দাউদপুর সরকারী উচ্চ বিদ্যালয় বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া। | ০৮/০১/২০২৫ খ্রিঃ রোজ বুধবার | সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত |

সংশ্লিষ্ট এলাকার সম্মানিত গ্রাহক-সদস্যগণকে গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করতে: নির্বাচনে অংশ গ্রহনের জন্য অনুরোধ করা যাচ্ছে। বিস্তারিত অবগতির জন্য এলাকা পরিচালক নির্বাচন বিজ্ঞপ্তি ও বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি বিদ্যুৎ বিলের সহিত প্রেরণ করা হইতেছে। ইহা ছাড়াও ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর সহ নির্বাচন সংশ্লিষ্ট এলাকার জোনাল অফিস, সাব জোনাল অফিস, এরিয়া অফিস, অভিযোগ কেন্দ্র, ওয়েব সাইট (www.pbs.brahmanbaria.gov.bd) এবং প্রযোজ্য ক্ষেত্রে জেলা প্রশাসক/ উপজেলা নির্বাচনী কর্মকর্তা এর কার্যালয়ের নোটিশ বোর্ডে নির্বাচন বিজ্ঞপ্তি এবং বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি সম্মানিত গ্রাহক-সদস্যগণের অবগতির জন্য দেওয়া হইতেছে।

তারিখঃ ২৭-১০-২০২৪ খ্রিঃ


২৭.১০.২৪
(মোঃ সাজেদুল ইসলাম)
রিটার্নিং অফিসার ও কমিশন প্রধান
ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি
এবং
উপ-পরিচালক (অর্থ), অর্থ পরিদপ্তর,
বাপুবিবোর্ড, ঢাকা

নির্বাচন কমিশন
ব্রান্কণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি
দক্ষিণ সুহিলপুর, ব্রান্কণবাড়িয়া।

ব্রান্কণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর এলাকা নং- ০১, ০২, ০৪ এবং ০৫ এর এলাকা পরিচালক নির্বাচন সম্পর্কে গ্রাহক - সদস্যদের জন্য

ব্রান্কণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর বাই 'ল অনুযায়ী ০১, ০২, ০৪ এবং ০৫ নম্বর এলাকার এলাকার এলাকা পরিচালক পদে নির্বাচনের ভোট গ্রহণ নিম্নবর্ণিত সময় সূচী অনুযায়ী অনুষ্ঠিত হইবে।

০১। এলাকা পরিচালক পদে নির্বাচন সচিব:

| এলাকা নং | আওতাভুক্ত ইউনিয়ন / পৌরসভা/ উপজেলা | পরিচালকের মেয়াদকাল | ভোট কেন্দ্র | ভোট গ্রহণের তারিখ ও বার | ভোট গ্রহণের সময় |
|-------------|---|--|--|----------------------------------|--|
| ০১ | নবীনগর উপজেলার পৌরসভাসহ সকল ইউনিয়ন | ০১ (এক) বৎসর বা নির্বাচনী ফলাফল ঘোষণার পরবর্তী বার্ষিক সাধারণ সভা পর্যন্ত যাহা আগে ঘটিবে | নবীনগর ইছামতী পাইলট উচ্চ বালিকা বিদ্যালয় নবীনগর, ব্রান্কণবাড়িয়া। | ০৫/০১/২০২৫ খ্রিঃ রোজ রবিবার | সকাল ১০:০০ ঘটিকা হইতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত |
| ০৪ | সদর উপজেলার মজলিশপুর, সুহিলপুর, বুধল, তালশহর পূর্ব, রামরাইল, মাছিহাটা, সুলতানপুর এবং বাসুদেব ইউনিয়ন | ০৩ (তিনি) বৎসর বা নির্বাচনী ফলাফল ঘোষণার পরবর্তী তৃতীয় বার্ষিক সাধারণ সভা পর্যন্ত যাহা আগে ঘটিবে | ঘাটুরা উচ্চ বিদ্যালয়, গৌতমপাড়া, সদর ব্রান্কণবাড়িয়া | ০৭/০১/২০২৫ খ্রিঃ রোজ মঙ্গলবার | সকাল ১০:০০ ঘটিকা হইতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত |
| ০৫ | বিজয়নগর উপজেলার সকল ইউনিয়ন | ০৩ (তিনি) বৎসর বা নির্বাচনী ফলাফল ঘোষণার পরবর্তী তৃতীয় বার্ষিক সাধারণ সভা পর্যন্ত যাহা আগে ঘটিবে | দাউদপুর সরকারী উচ্চ বিদ্যালয় বিজয়নগর, ব্রান্কণবাড়িয়া। | ০৮/০১/২০২৫ খ্রিঃ রোজ বুধবার | সকাল ১০:০০ ঘটিকা হইতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত |

পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বাই 'ল ১৯৭৮ এবং সমিতির বাই 'ল (সংশোধিত-২০১৮) আটিক্যাল ০৮ এর ০২ ও ০৩ ধারা অনুযায়ী সমিতির উপরোক্তিত এলাকার বৈধ গ্রাহক - সদস্যগণের প্রত্যক্ষ ভোটে তাঁহাদের মধ্য হইতে এলাকাভিত্তিক পৃথক-পৃথক নির্বাচনের মাধ্যমে এলাকা পরিচালক নির্বাচিত হইবেন।

০২। কে এলাকা পরিচালক পদে প্রার্থী হইতে পারিবেন?

- (ক) যে এলাকায় নির্বাচন অনুষ্ঠিত হইবে, সেই এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী; যে গ্রাহক-সদস্যের নাম নির্বাচন উপলক্ষে প্রকাশিত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হইয়াছে;
- (খ) যিনি সমিতির সংশ্লিষ্ট এলাকার গ্রাহক-সদস্য হিসাবে সমিতি হইতে সদস্য সার্টিফিকেট প্রাপ্ত হইয়াছেন, মিয়ামিত বিদ্যুৎ বিল পরিশোধ করিয়াছেন, পিডিবি এর নিকট হইতে অধিগ্রহণকৃত গ্রাহক-সদস্যগণ তাঁহাদের সকল প্রকার বকেয়া (পবিস/পিডিবি) পরিশোধ করিয়াছেন (এমনকি অনুমোদিত কিস্তি থাকিলেও সকল অনুমোদিত কিস্তি একবারে পরিশোধ করিয়াছেন এবং যাহার বার্ষিক সাধারণ সভার ৯০ দিন পূর্বে অর্থাৎ ২৬/১০/২০২৪ খ্রিঃ তারিখ অথবা তৎপূর্বে সমন্দয় বিদ্যুৎ বিল পরিশোধ করিয়াছেন) এবং যাহার বিধি সম্মত কারণে সদস্য পদ বাতিল করা হয় নাই। উল্লেখ্য যে, একক মালিকানাধীন প্রতিষ্ঠান ব্যতিত অন্য কোন প্রতিষ্ঠানের মনোনীত প্রতিনিধি পরিচালক পদপ্রার্থী হইতে পারিবেন না;
- (গ) যাহার শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে এস, এস, সি বা সমমানের। সময়মান সম্পর্কে কোন প্রশ্ন দেখা দিলে বিষয়টির উপর নির্বাচন কমিশনের সিক্ষাত্ত্ব চূড়ান্ত বলিয়া গণ্য হইবে;
- (ঘ) মনোনয়নের জন্য আবেদন পত্র জমা প্রদানের তারিখে যাহার বয়স ২৫ (পঁচিশ) বৎসরের মধ্যে। বয়সের প্রমাণ পত্র হিসাবে মনোনয়ন আবেদন পত্রের সহিত এস, এস, সি অথবা সমমানের পরীক্ষা পাশের মূল সার্টিফিকেট এর সত্ত্বায়িত ফটোকপি জমা প্রদান করিতে হইবে। প্রশংসা পত্র অথবা অন্য কোন প্রমাণ পত্র প্রত্যেকটি বলিয়া বিবেচিত হইবে না। বয়সের ব্যাপারে কোন এফিডেভিট প্রয়োগ্য নহে; বার্ষিক সাধারণ সভার ৯০ (নৰ্কাই) দিন পূর্ব পর্যন্ত অর্থাৎ ২৬/১০/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত সংযোগ প্রয়োগ গ্রহণকারী গ্রাহক - সদস্যগণ।

২য় পৃষ্ঠা দ্রুঃ

০৩। যে এলাকায় নির্বাচন অনুষ্ঠিত হইবে সেই এলাকায় বর্তমান পরিচালক পুনরায় প্রার্থী হইতে পারিবেন কি?

সমিতির বাই'ল ঘোতাবেক পরিচালক প্রার্থীর সকল যোগ্যতা থাকিলে পরিচালকের মেয়াদকাল শেষ হচ্ছে এমন পরিচালক পুনরায় পরিচালক পদে নির্বাচনের প্রার্থী হইতে পারিবেন।

০৪। যে সকল কারণে পরিচালক পদপ্রার্থী অযোগ্য হিসাবে বিবেচিত হইবেনঃ

- (ক) যিনি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/সমিতি বোর্ড কর্তৃক সমিতির পরিচালক পদ হইতে অপসারিত (Removed) বা অব্যাহতি প্রাপ্ত (Relived) হইয়াছেন;
- (খ) যিনি সমিতিবোর্ড পরিচালক/মহিলা পরিচালক হিসেবে ০৩ (তিনি) মেয়াদকাল দায়িত্ব পালন করেছেন;
- (গ) যিনি নৈতিক অবক্ষয়জনিত কারণে আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত হইয়াছেন;
- (ঘ) যিনি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, পল্লী বিদ্যুৎ সমিতি বা কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরী হইতে বরখাস্ত বা অপসারিত বা অব্যাহতি প্রাপ্ত হইয়াছেন;
- (ঙ) যিনি একই মামে একাধিক সংযোগ গ্রহণ করিয়া সকল সংযোগের বিপরীতে এমনকি পিডিবি (অধিগ্রহণকৃত গ্রাহক-সদস্যদের ক্ষেত্রে) পরিশোধযোগ্য সকল বিল পরিশোধ করেন নাই;
- (চ) যিনি কোন রাজনৈতিক দল/সংস্থায় কোন পদে (Office Bearer) নিয়োজিত আছেন;
- (ছ) যিনি কোন স্থানীয় সরকারী সংস্থায় বেতন/ভাত্তাদি প্রাপ্ত পদে নিয়োজিত আছেন;
- (জ) যিনি কোন সরকারী বা আধা-সরকারী মালিকানাধীন প্রতিষ্ঠানে চাকুরীরত আছেন;
- (ঝ) যিনি ব্রাক্ষণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সাথে বিদ্যুৎ বা বৈদ্যুতিক সরঞ্জামাদি ব্যবসায় নিয়োজিত বা যে কোন প্রকারে আর্থিকভাবে সম্পৃক্ত কিংবা সমিতির সহিত গ্রাহকদের বৈদ্যুতিক বা প্লাষ্টিং যন্ত্রপাতির ব্যবসায় নিয়োজিত আছেন বা পরিসের লাইসেন্স/ ওয়ার্ক পারমিট-এর আওতায় সমিতির গ্রাহক/গ্রাহক-সদস্যদের হাউজ ওয়্যারিং কাজে নিয়োজিত ছিলেন/ আছেন;
- (ঝঝ) যিনি পবিস বাই'ল এর আটিকেল-৫ এর সেকশন ৭ এর উপধারা (এ)(i), (এ)(ii), (এ)(iii) এবং (এ)(v) অনুযায়ী (উদ্দেশ্য প্রযোদিত/অসং উদ্দেশ্যে পবিস এর সম্পত্তি বা সাজ-সরঞ্জাম ক্ষতিগ্রস্ত করিবার, বিদ্যুৎ শক্তি ডিভার্সিকে চালিত/ তুরি করিবার, বৈদ্যুতিক মিটার/সাজ-সরঞ্জাম টেম্পারিং করিবার, দাঙ্গারিক কাজে পবিস এর কর্মকর্তা/ কর্মচারী বা তাহার উপর নির্ভরশীল বা সম্পৃক্ত কোন ব্যক্তিকে ভয় প্রদর্শন করিবার, শারীরিক ভাবে লাঞ্ছিত করিবার কারণে) সদস্যপদ বাতিল যোগ্য ধারার আওতাভূক্ত কিন্তু পরবর্তীতে উক্ত কারণ নিরসন পূর্বক সমিতি বোর্ড কর্তৃক সদস্যপদ পুনঃবহাল না করা হইলে;
- (ট) কোন পল্লী বিদ্যুৎ সমিতির কোন পদে (নিয়মিত বা চুক্তিভিত্তিক) চাকুরী শেষে (ষেষ্ঠায় অব্যাহতি/ অবসর গ্রহণ) করার পরবর্তী কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসর অতিক্রান্ত না হইলে।

০৫। নির্বাচনের জন্য মনোনয়ন পত্রের ফর্ম সংগ্রহ ও বিতরণ পদ্ধতিঃ

এলাকা পরিচালক পদের নির্বাচনে অংশ গ্রহণে ইচ্ছুক প্রার্থী “মনোনয়ন ফর্ম” এর মূল্য বাবদ ব্রাক্ষণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরস্থ ক্যাশ কাউন্টারে ৫,০০.০০ (পাঁচশত) টাকা (অফেরওয়েগ) জমা প্রদান পূর্বক প্রাপ্ত মূল রশিদ এবং প্রার্থীর এস,এস,সি অথবা সমমানের পরীক্ষা পাশের মূল সনদপত্র প্রদর্শন সাপেক্ষে ব্রাক্ষণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে অবস্থানরত নির্বাচন কমিশন সদস্যের নিকট হইতে ২৪/১১/২০২৪ খ্রিৎ তারিখ রোজ রবিবার এবং ২৫/১১/২০২৪ খ্রিৎ তারিখ রোজ সোমবার প্রতিদিন সকাল ৯.০০ ঘটিকা হইতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত মনোনয়ন পত্রের ফরম ০১ (এক) সেটসহ নিজ এলাকার ভোটার তালিকায় বার্ষিক সাধারণ সভার ৯০ দিন পূর্বে গ্রাহকগণ বিল পরিশোধ করিয়া অথবা সংযোগ গ্রহণ করিয়া ভোটার হইয়াছেন) ও নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিজ্ঞপ্তি সংগ্রহ করিতে পারিবেন।

০৬। মনোনয়নপত্র দাখিলের তারিখ ও সময়ঃ

ব্রাক্ষণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে নির্বাচন কমিশন প্রধান অথবা তাঁহার মনোনীত প্রতিনিধির নিকট ২৭/১১/২০২৪ খ্রিৎ তারিখ রোজ বুধবার সকাল ৯.০০ ঘটিকা হইতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত মনোনয়নপত্র দাখিল করা যাইবে।

০৭। কিভাবে পরিচালক পদ প্রার্থীগণ মনোনয়নপত্র দাখিল করিবেনঃ

পরিচালক পদে নির্বাচনের প্রার্থী হিসাবে অংশগ্রহণের জন্য যে সকল এলাকার পরিচালক পদে নির্বাচন অনুষ্ঠিত হইবে সেই সকল এলাকার স্থায়ীভাবে বসবাসকারী (স্থায়ীভাবে বসবাসের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়রের কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্র দ্বারা সমর্থিত) বৈধ গ্রাহক-সদস্য বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বাই'ল এর ০৮ নং অনুচ্ছেদ এবং সমিতির বাই'ল (সংশোধিত-২০১৮) এর আটিক্যাল-০৮ অনুযায়ী সমিতির নির্ধারিত মনোনয়নের আবেদনপত্র পূরণ এবং উহার প্রতি পাতায় দস্তখত করতে ০১ (এক) জন বৈধ গ্রাহক-সদস্য (ভোটার তালিকাভূক্ত) কর্তৃক প্রস্তাব এবং অপর ০২ (দুই) জন বৈধ গ্রাহক-সদস্য (ভোটার তালিকাভূক্ত) কর্তৃক সমর্থন সূচক স্বাক্ষর গ্রহণপূর্বক নির্বাচন কমিশন প্রধান অথবা তাঁহার মনোনীত প্রতিনিধির নিকট মনোনয়ন পত্র দাখিলের জন্য ঘোষিত তারিখ ও সময়ের মধ্যে মনোনয়ন পত্র দাখিল করিতে পারিবেন। উল্লেখ্য, মনোনয়ন পত্র দাখিল করিবার সময় প্রার্থী, প্রস্তাবক ও সমর্থকদ্বয়কে ব্যক্তিগতভাবে উপস্থিত থাকিতে হইবে এবং প্রস্তাবক ও সমর্থকদ্বয়কে এই মর্মে অঙ্গীকারনামা প্রদান করিতে হইবে যে, তাঁহারা অন্য কোন এলাকা পরিচালক পদপ্রার্থীর জন্য প্রস্তাব এবং সমর্থন করেন নাই। আরো উল্লেখ্য যে, প্রার্থী, প্রস্তাবক ও সমর্থকদ্বয়কে মনোনয়ন আবেদন পত্রের সহিত এই মর্মে অঙ্গীকারন নামা প্রদান করিতে হইবে যে, তাঁহার/তাহাদের নিজ নামে একাধিক সংযোগ থাকিলে সকল সংযোগের বিপরীতে সকল বিদ্যুৎ বিল পরিশোধ করা হইয়াছে। ভোটার তালিকায় নাম থাকিলেও কোন পরিচালক পদ-প্রার্থী তার নিজের এবং তার প্রস্তাবক ও সমর্থকদের নামে গৃহীত বা বিদ্যমান সকল সংযোগের বিপরীতে বার্ষিক সাধারণ সভার পূর্ববর্তী ৯০ (নয়ই) দিন পূর্বের সকল বিদ্যুৎ বিল পরিশোধের প্রত্যয়ন না থাকিলে বা মনোনয়ন আবেদন পত্র বাছাইকালে এরূপ বিল পরিশোধ করার তথ্য/প্রমাণ না থাকিলে প্রার্থীর মনোনয়ন আবেদন পত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

০৮। মনোনয়নপত্র বাছাই ও বৈধ প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশঃ
০৮/১২/২০২৪ খ্রি: তারিখ রোজ বুধবার বিকাল ৪.০০ ঘটিকায় বৈধ প্রার্থীদের প্রাথমিক তালিকা সমিতির সদর দপ্তরে প্রকাশ করা হইবে।

৩য় পৃষ্ঠা

০৯। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ ও সময়ঃ
১০/১২/২০২৪ খ্রি: তারিখ রোজ মঙ্গলবার দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে মনোনয়নপত্র প্রত্যাহার করা যাইবে।

১০। মনোনয়ন এর আবেদন চূড়ান্তকরণ, চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ ও প্রতীক বন্টনঃ
১১/১২/২০২৪ খ্রি: তারিখ রোজ বুধবার বিকাল ৪.০০ ঘটিকায় সমিতি সদর দপ্তরে নোটিশ বোর্ডে প্রতীকসহ চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হইবে।

১১। যে সকল গ্রাহক-সদস্য ভোট দিতে পারিবেনঃ
(ক) যে সকল গ্রাহক-সদস্যের নাম চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হইয়াছে, তাহারা নিম্নোক্ত বিষয়াবলী প্রতিপালন পূর্বক ভোট দিতে পারিবেন;
(খ) সমিতির বাই'ল আর্টিক্যাল ৫ এ বর্ণিত বৈধ গ্রাহক-সদস্য, যিনি সমিতির সভাপতি ও সচিব কর্তৃক স্বাক্ষরিত সমিতির বাই'ল সিডিউল-১ ফরম 'খ' এর সদস্য সার্টিফিকেট প্রাপ্ত হইয়াছেন, তিনি নিজ এলাকায় পরিচালক নির্বাচনে ভোট দিতে পারিবেন। তবে বিধি সম্মত কারণে (নৰাই) দিন পূর্বে অর্থাৎ ২৬/১০/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত যে সকল গ্রাহক-সদস্য তৎসময়ে পরিশোধযোগ্য সকল বিদ্যুৎ বিল (যে সকল ছুটি বা অন্য কোন সরকারী ছুটির কারণে উক্ত বিল পরবর্তী কার্যদিবসে পরিশোধকারীগণেরও নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা হইবে)।
১১/১২/২০২৪ খ্রি: তারিখের মধ্যে সমুদয় বকেয়া বিল (যে সকল বিল জরিমানা সহ পরিশোধের সময়-সীমা উত্তীর্ণ হইয়াছে) পরিশোধ বার্ষিক সাধারণ সভার ৯০ (নৰাই) দিন পূর্বে অর্থাৎ ১১/১২/২০২৪ খ্রি: তারিখের মধ্যে সমুদয় বকেয়া বিল (যে সকল বিল জরিমানা সহ পরিশোধের সময়-সীমা উত্তীর্ণ হইয়াছে) পরিশোধ বার্ষিক সাধারণ সভার ৯০ (নৰাই) দিন পূর্বে অর্থাৎ ১১/১২/২০২৪ খ্রি: তারিখের মধ্যে সমুদয় প্রার্থকারী গ্রাহক-সদস্যগণ ভোট দিতে পারিবেন।
(গ) কিন্তু নির্বাচনে প্রতিহস্তিতা করিতে পারিবেন না।

১২। ভোটার তালিকা প্রকাশ ও সংশোধনঃ
(ক) বার্ষিক সাধারণ সভার ৯০ (নৰাই) দিন পূর্বে বিল পরিশোধকারী/ সংযোগ প্রত্যক্ষকারী গ্রাহকগণের ভোটার তালিকাঃ
১০/১২/২০২৪ খ্রি: তারিখ রোজ রবিবার বিকাল ৪.০০ ঘটিকায় সমিতির সদর দপ্তরসহ যে সমস্ত এলাকায় নির্বাচন হইবে সেই সব এলাকার সংশ্লিষ্ট জোনাল অফিস, সাব জোনাল অফিস, এরিয়া অফিস ও অভিযোগ কেন্দ্র ও পরিসের ওয়েব সাইট (www.pbs.brahmanbaria.gov.bd) ছাড়াও গুরুত্বপূর্ণ সরকারী অফিসের নোটিশ বোর্ডের মাধ্যমে ০১, ০৪, এবং ০৫ নং এলাকা সমূহের প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ করা হইবে। ভোটার তালিকার ব্যাপারে কাহারও কোন আপত্তি থাকিলে বা বৈধ গ্রাহক ভোটার তালিকা হইতে বাদ পড়িলে অথবা অন্য কোন সংশোধনীর দরকার থাকিলে তাহা প্রয়োজনীয় তথ্য ও প্রমাণাদিসহ নিকট লিখিত আবেদন করিতে হইবে। ১৯/১২/২০২৪ খ্রি: তারিখ রোজ মঙ্গলবার চূড়ান্ত ভোটার তালিকা বর্তিত নোটিশ বোর্ড সমূহে বিকাল ৪.০০ ঘটিকার সময় প্রকাশ করা হইবে।

(খ) বার্ষিক সাধারণ সভার ৪৫ (পঁয়তাঙ্গিশ) দিন পূর্বে বিল পরিশোধকৃত খেলাপী গ্রাহকগণের ভোটার তালিকাঃ
১৭/১২/২০২৪ খ্রি: তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৪.০০ ঘটিকায় সমিতির সদর দপ্তরসহ যে সমস্ত এলাকায় নির্বাচন অনুষ্ঠিত হইবে সেই সব এলাকার সংশ্লিষ্ট জোনাল অফিস, সাব জোনাল অফিস, এরিয়া অফিস ও অভিযোগ কেন্দ্র ও পরিসের ওয়েব সাইট (www.pbs.brahmanbaria.gov.bd) ছাড়াও গুরুত্বপূর্ণ সরকারী অফিসের নোটিশ বোর্ডের মাধ্যমে ০১, ০৪ এবং ০৫ নং এলাকা সমূহের বৈধ গ্রাহক-সদস্য যৌহারা ৯০ (নৰাই) দিন পূর্বে বিল পরিশোধে ব্যর্থ হইয়াছেন কিন্তু বার্ষিক সাধারণ সভার ৪৫ (পঁয়তাঙ্গিশ) দিন পূর্বে অর্থাৎ ১১/১২/২০২৪ খ্রি: তারিখের মধ্যে পরিশোধ করিয়াছেন তাঁহাদের প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ করা কোন সংশোধনীর দরকার থাকিলে তাহা প্রয়োজনীয় তথ্য ও প্রমাণাদিসহ ১৮/১২/২০২৪ খ্রি: তারিখ রোজ বুধবার সকাল ৯.০০ ঘটিকা তারিখ রোজ রবিবার বিকাল ৪.০০ ঘটিকায় চূড়ান্ত ভোটার তালিকা বর্তিত নোটিশ বোর্ড সমূহে প্রকাশ করা হইবে এবং চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীগণের নিকট বিতরণ করা হইবে।

১৩। গ্রাহক-সদস্যগণ কিভাবে ভোট প্রদান করিবেনঃ
যে গ্রাহক-সদস্যের নাম চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হইয়াছে তিনি স্বয়ং নির্বাচন কেন্দ্রে উপস্থিত হইয়া অবশ্যই ব্রাক্ষণবাড়িয়া পঞ্জী বিদ্যুৎ সমিতি কর্তৃক প্রদত্ত ছবি সম্পর্কিত সদস্য সার্টিফিকেট প্রদর্শন অথবা নভেম্বর/২০২৪ খ্রি: মাসের পরিশোধিত বিদ্যুৎ বিলের মূল কপি পার্শ্বে নির্ধারিত সীল প্রদান পূর্বক ব্যালট পত্র সংগ্রহ করতাং নিজ পচন্দমত প্রার্থীর নামের প্রতীকের ব্রাক্ষণবাড়িয়া পঞ্জী বিদ্যুৎ সমিতি কর্তৃক প্রদত্ত ছবি সম্পর্কিত সদস্য সার্টিফিকেট অথবা নভেম্বর/২০২৪ খ্রি: মাসের পরিশোধিত বিদ্যুৎ বিলের মূল কপি ও জাতীয় পরিচয়পত্র সঙ্গে না আনিলে ভোট প্রদান করিতে পারিবেন না।

১৪। সদস্য সার্টিফিকেট হারাইয়া গেলে বা নষ্ট হইয়া গেলে নতুন সার্টিফিকেট ইস্যু করণঃ
কোন গ্রাহক - সদস্যের নামে পূর্বে ইস্যুকৃত সদস্য সার্টিফিকেট হারাইয়া গেলে বা নষ্ট হইয়া গেলে আগামী ২০/১০/২০২৪ খ্রি: তারিখের জেনারেল ম্যানেজার এবং সংশ্লিষ্ট জোনাল অফিস এর ডিজিটাল ব্যাপার আবেদন পূর্বক ছবিযুক্ত লেমিনেটিং নতুন সদস্য সার্টিফিকেট গ্রহণ করিতে পারিবেন।

- ১৫। **একজন গ্রাহক-সদস্য কয়টি ভোট দিতে পারিবেনঃ**
 একজন গ্রাহক-সদস্য এক নামে একাধিক সংযোগ গ্রহণ করিলেও তিনি কোন এক নির্ধারিত সংযোগের বিপরীতে একটি মাত্র ভোট দিতে পারিবেন।
- ১৬। **অন্যান্য সংস্থার প্রতিনিধি কিভাবে ভোট দিবেনঃ**
 পরিচালনা কমিটি দ্বারা পরিচালিত সংস্থা যেমন শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মন্দির, আশ্রম বা অন্য কোন প্রতিষ্ঠান এর ব্যবস্থাপনা কর্তৃক মনোনীত প্রতিনিধি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পক্ষ হইতে লিখিত মনোনয়ন পত্র এবং ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে ইস্যুকৃত সদস্য সার্টিফিকেট প্রদর্শন সাপেক্ষে ভোট দিতে পারিবেন।
- ১৭। **নির্বাচন অন্তান তত্ত্বাবধান, ব্যালট গণনা ও ফলাফল ঘোষণাঃ**
 পরিস বাই'ল আর্টিক্যাল ৮ এর ২ নং ধারা অনুযায়ী বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক গঠিত নির্বাচন কমিশন নির্বাচন অন্তানের তত্ত্বাবধান, ব্যালট গণনা ও পরিচালনা এবং বার্ষিক সাধারণ সভার দিনে গ্রাহক-সদস্যদের উপস্থিতিতে নির্বাচনের ফলাফল ঘোষণা করিবেন। নির্বাচন সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক গঠিত নির্বাচন কমিশনের রায় চূড়ান্ত হিসাবে গণ্য হইবে। তবে নির্বাচন সম্পর্কে কোন আপত্তি থাকিলে নির্বাচন সম্পর্ক হইবার ০৩ (তিনি) দিনের মধ্যে সমিতির সদর দপ্তর, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া এ উপস্থিত নির্বাচন কমিশনের সদস্যের নিকট প্রার্থী কর্তৃক নির্বাচন কমিশন বরাবরে লিখিত আপত্তি পেশ করিতে হইবে।
- ১৮। **নির্বাচিত পরিচালক কর্তৃদিন উক্ত পদে বহাল থাকিবেনঃ**
 নির্বাচিত এলাকা পরিচালক, নির্বাচিত যৌথিত হইবার দিন হইতে কোন কারণবশত: পদচুত না হইলে বা স্বেচ্ছায় পদত্যাগ না করিলে অত্র জ্ঞাতব্য বিজ্ঞপ্তির ১মং অনুচ্ছেদের ৪নং কলামে (পরিচালকের মেয়াদকাল) বর্ণিত মেয়াদ পর্যন্ত উক্ত পদে বহাল থাকিবেন।
- ১৯। **বার্ষিক সাধারণ সভা অন্তানের তারিখঃ**
 সমিতি বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক ২৫/০১/২০২৫ খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ৯.০০ ঘটিকায় সমিতির সদর দপ্তরে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হইবে (অনিবার্য কারণে বার্ষিক সাধারণ সভার তারিখ পরিবর্তন ঘোষ্য)।
- ২০। **পিডিবি এর নিকট হইতে অধিগ্রহণকৃত গ্রাহকগণের ক্ষেত্রেঃ**
 যাহারা ইতিপূর্বে পিডিবি এর গ্রাহক ছিলেন কিন্তু ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর সদস্যপদ গ্রহণ করেন নাই এবং যাহাদের নিকট এখনও বকেয়া পাওনা আছে তাঁহারা আগামী ২০/১০/২০২৪ খ্রিঃ তারিখ মধ্যে পিডিবি/ পবিস এর সকল বকেয়া পাওনা (যদি থাকে) পরিশোধ পূর্বক এমনকি অনুমোদিত কিস্তি থাকিলেও সকল অবশিষ্ট কিস্তি একসাথে পরিশোধ করিয়া সদস্যপদের জন্য নির্ধারিত ফিসহ সমিতির সদর দপ্তর বা সংশ্লিষ্ট জোনাল অফিস এ আবেদন করিলে এবং যথাসময়ে সদস্য সনদপত্র লাভ করিলে বিজ্ঞপ্তিতে বর্ণিত অন্যান্য শর্তাবলী পূরণ সাপেক্ষে এলাকা পরিচালক নির্বাচনে অংশগ্রহণ এবং ভোট প্রদান করিতে পারিবেন।

তারিখঃ ২৭/১০/২০২৪ খ্রিঃ।

27.10.24

(মোঃ সাজেদুল ইসলাম)
 রিটার্নিং অফিসার ও কমিশন প্রধান
 ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি
 এবং
 উপ-পরিচালক (অর্থ), অর্থ পরিদপ্তর,
 বাপবিবোর্ড, ঢাকা